



ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)


ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮৮০৩৩৯০৩, ৮৮০৩৭৩৫৭, ৮৮০৩৬৯৪২
e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd


স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৮/০৩/২০২৫

অফিস বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে কলেজ পর্যায়ে (উচ্চমাধ্যমিক) “কর্মক্ষেত্রে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ; বাস্তবতা ও করণীয়” (শব্দসীমা ১৫০০-২০০০) ও স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শ্রম অধিকার; বাংলাদেশের প্রেক্ষাপট বিষয়ে (শব্দসীমা-২০০-২৫০০) এর মধ্যে স্ব হস্তে লিখিত রচনা/প্রবন্ধ আহ্বান করা হয়েছে। অগ্রহী উচ্চমাধ্যমিক এবং স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদেরকে প্রবন্ধ লিখনী ই-মেইল ig@dife.gov.bd/sasemployment@mole.gov.bd অথবা মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০ বরাবরে আগামী ১০/০৪/২০২৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি উপস্থিত হয়ে প্রেরণ/দাখিল করতে হবে। বি-দ্র- আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্য কলেজ ওয়েবসাইট এ পাওয়া যাবে।


অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে নির্ধারিত বিষয়ে স্বহস্তে লিখিত রচনা/প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে।

প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

- ১। বিশ্ববিদ্যালয় পর্যায়ে (স্নাতক ও স্নাতকোত্তর)
বিষয়: শ্রম অধিকার; বাংলাদেশ প্রেক্ষাপট।
(শব্দসীমা ২০০০-২৫০০)।
- ২। কলেজ পর্যায় (উচ্চ মাধ্যমিক)
বিষয়: কর্মক্ষেত্রে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ; বাস্তবতা ও করণীয়।
(শব্দসীমা ১৫০০-২০০০)।
- ৩। স্কুল পর্যায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি)
বিষয়: মহান মে দিবস।
(শব্দসীমা ১০০০-১৫০০)।

প্রবন্ধ/লিখনী-এর শর্তাবলি নিম্নরূপ:

- ১। প্রবন্ধ/লিখনী পরিষ্কার হাতের লেখা এবং এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠা নয়) A-4 সাইজের কাগজে লিখতে হবে;
- ২। প্রবন্ধ/লিখনী-এর সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে;
- ৩। প্রবন্ধ/লিখনী ই-মেইল: ig@dife.gov.bd/sasemployment@mole.gov.bd অথবা মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০, বরাবরে ১০ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি উপস্থিত হয়ে প্রেরণ/দাখিল করতে হবে;
- ৪। প্রবন্ধ/লিখনী-এর সাথে অংশগ্রহণকারীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
- ৫। প্রতি ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- ৬। প্রবন্ধ/লিখনী-এর ক্ষেত্রে মেধাভিত্তিক চৌর্ধ্বীয় পরিহারযোগ্য। এর ব্যত্যয় ঘটলে প্রবন্ধ/লিখনী বাতিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হবে। তবে কোন তথ্য/উপাত্ত/উক্তি প্রবন্ধ/লিখনী-তে ব্যবহৃত হলে আনুষ্ঠানিকভাবে এর তথ্যসূত্র উল্লেখ করতে হবে;
- ৭। নির্বাচিত প্রবন্ধ/লিখনী মহান মে দিবস, ২০২৫ এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মারনিকায় ছাপানোর অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন;
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত লেখা মূল্যায়নের অর্থ বিবেচিত হবে না।

পর্যায়ভিত্তিক পুরস্কার মূল্য ও সম্মাননা সনদ:

- ক) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (স্নাতক ও স্নাতকোত্তর)
 - ১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
 - ২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
 - ৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
- খ) কলেজ পর্যায় (উচ্চ মাধ্যমিক)
 - ১। প্রথম পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
 - ২। দ্বিতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
 - ৩। তৃতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
- গ) স্কুল পর্যায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি)
 - ১। প্রথম পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
 - ২। দ্বিতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
 - ৩। তৃতীয় পুরস্কার নগদ ১০,০০০/- (দশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

স্বা/-
ওমর মোহ ইমরুল মন্সিন
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ও
সভাপতি
“প্রতিযোগিতা আয়োজন ও বেস্ট প্র্যাকটিস সংশ্লিষ্ট সম্মাননা প্রদান” কমিটি
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০। ফোন নম্বর: +৮৮-০২- ১২৬৬৬৪২০১,
ফ্যাক্স: +৮৮-০২- ২২৬৬৬৪২০৩, Info: www.dife.gov.bd